

# সোনাবুরির আদলে এবার হাট বসবে বজবজ ২ ব্লকে

বিমল বন্দ্যোপাধ্যায় • বজবজ

স্থানীয়দের তৈরি নানা ধরনের পণ্য বিকিকিনির জন্য শান্তিনিকেতনের সোনাবুরিতে হাট বসে। তার আদলেই এবার বজবজ ২ নম্বর ব্লকে স্থানীয়দের তৈরি পণ্য নিয়ে হাট বসানো হবে। এলাকাসীকে রোজগারের পথ দেখাতে এমন পরিকল্পনা করেছেন বজবজ ২ নম্বর ব্লক প্রশাসনের কর্তারা। পর্যটন কেন্দ্র ‘প্রকৃতির পাঠশালা’র ভিতর এই হাট বসানোর জন্য একটি খোলা, সবুজ ঘেরা জায়গা ঠিক করা হয়েছে। সেখানেই সপ্তাহে একদিন হাতে তৈরি পণ্য নিয়ে স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা বসবেন। এই নিয়ে যাবতীয় ব্যবস্থা ও প্রচার করার দায়িত্ব নিয়েছে বিডিও অফিস। বিডিও নবকুমার দাস বলেন, ব্যবসা-বাণিজ্যের সম্প্রসারণ ছাড়া কোনও এলাকা বা সেখানকার স্থানীয় মানুষের উন্নতি হয় না। আমাদের এখানে ঠিক হয়েছে, আপাতত দু’টি গ্রাম পঞ্চায়েত, যথাক্রমে গজাপোয়ালি ও রানিয়ার স্বনির্ভর গোষ্ঠীর মহিলারা এই হাটে বসবেন। এই দু’টি গ্রামে জরি শিল্প, মাটির তৈরি পণ্য ছাড়াও নানা ধরনের জিনিস তৈরি হয়, যার কদর অন্য রাজ্যেও আছে। বিশেষ করে জরির যে সব উপাদান এই দু’টি গ্রাম থেকে যায়, তা অন্য কোথাও পাওয়া যায় না। স্বাভাবিকভাবে হাটে এই সমস্ত জিনিস বিকিকিনি হলে এখানকার মহিলারা এখন যা দর পাচ্ছেন, তার চেয়ে তিন-চারগুণ বেশি দাম পাবেন। তাতে এলাকার সামাজিক ও অর্থনৈতিক উন্নতি হবে। বিডিও বলেন, একটা সময় শান্তিনিকেতনের সোনাবুরির হাটের কথা খুব বেশি মানুষ জানত না। এখন সেখানকার হাতে তৈরি জিনিস কেনার জন্য দেশ ছাড়াও বিদেশ থেকে ক্রেতারা যাচ্ছেন। আমরাও ‘প্রকৃতির পাঠশালা’তে যে হাট বসানোর পরিকল্পনা নিয়েছি, তা যাতে দেশ-বিদেশের মানুষের কাছে কদর পায়, তার চেষ্টা করছি।